

স্মারক নং- ধবিম/হ:শা:/৪-৪৫০/২০১৩-৪৩১

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ  
২১ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: **কারণ দর্শানোর নোটিশ।**

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে ডিলাইট ইন্টারন্যাশনাল (হ.লা. নং-১৩০৪), Paltan Plaza (3<sup>rd</sup> Floor), 18 Purana Paltan, Dhaka-1000 এর স্বত্বাধিকারীর দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ০৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু, আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মোঃ আফসার উদ্দিন নিম্নরূপ অভিযোগ দাখিল করেন;  
"২০১৮ ইং সালে আল হাজী ট্রাভেল এন্ড টুরস লি. এর প্রাক নিবন্ধন করেন। আল হাজী ট্রাভেল এন্ড টুরস লি. থেকে তাদের নিবন্ধন গুলো ডিলাইট ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-১৩০৪) ট্রান্সফার করেন। কিন্তু পরবর্তীতে পারিবারিক সমস্যার কারণে সরকারিভাবে বাতিল করা হয়। ডিলাইট ইন্টারন্যাশনাল এর মালিক মাওলানা নেহার ০৩ (তিন) বছর যাবৎ টাকা ফেরত প্রদানে গড়িমসি করছেন মর্মে উত্থাপিত অভিযোগ"। এবং

০৪। যেহেতু অভিযোগমতে আপনার এজেন্সি অর্থগ্রহণ করেছে এবং হজযাত্রীর প্রি-রেজিস্ট্রেশন বাতিল করেও আপনি অর্থ ফেরত প্রদান করছেন না, সেহেতু বিষয়টি হয়রানি ও প্রতারণার সামিল।

০৫। যেহেতু অভিযোগমতে হজের জন্য গ্রহণকৃত অর্থ ফেরত প্রদানে হজযাত্রীকে হয়রানি ও ভোগান্তির জন্য হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১২ অনুযায়ী অনিয়ম ও অসদাচরণ এর কারণসমূহ বিদ্যমান রয়েছে;

০৬। সেহেতু আপনার কর্তৃক পরিচালিত ডিলাইট ইন্টারন্যাশনাল (হ.লা. নং-১৩০৪) এর বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১২ ধারা লঙ্ঘন করায় একই আইনের ১৩ অনুযায়ী কেন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মামুন আল ফারুক  
উপসচিব

ফোন: ৫৫১০১১১৮

e-mail:morahajsection@gmail.com

জনাব মো: ইমতিয়াজ আলম

স্বত্বাধিকারী

ডিলাইট ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-১৩০৪)

Paltan Plaza (3<sup>rd</sup> Floor), 18 Purana Paltan  
Dhaka-1000.

স্মারক নং- ধবিম/হ:শা:/৪-৪৫০/২০১৩-৪৩১

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ  
২১ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি [www.mora.gov.bd](http://www.mora.gov.bd) ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা
৫. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (নোটিশটি হজের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৬. অফিস কপি

মামুন আল ফারুক  
উপসচিব